# Syllabus

# for

# M.A. in Bengali

# বাংলা পাঠক্রম

## Two Year Degree with PG in Bengali

## Under

## National Education Policy
## And
## Learning Outcome Based Curriculum Framework

## KAZI NAZRUL UNIVERSITY

## ASANSOL

## (2026-2027)

## ভূমিকা: পাঠক্রমের উদ্দেশ্য, উপযোগিতা ও প্রাসঙ্গিকতা

জাতীয় শিক্ষানীতি ২০২০ (NEP-2020) এবং 'লার্নিং আউটকাম বেসড কারিকুলাম ফ্রেমওয়ার্ক' (LOCF)-এর দূরদর্শী নির্দেশিকা অনুসরণ করে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের বাংলা স্নাতকোত্তর পাঠক্রমটি প্রস্তুত করা হয়েছে। এই পাঠক্রমের মূল লক্ষ্য কেবল চিরাচরিত সাহিত্যচর্চা নয়, বরং শিক্ষার্থীর সামগ্রিক বৌদ্ধিক বিকাশ ও পেশাগত কর্মদক্ষতা (Employability) বৃদ্ধি করা।

### ১. জাতীয় শিক্ষানীতি (NEP-2020) ও বহুত্ববাদের অনুসরণ:

এই পাঠক্রমে ঐতিহ্য ও আধুনিকতার এক অনবদ্য সমন্বয় ঘটানো হয়েছে। মধ্যযুগের সামাজিক-সাংস্কৃতিক বহুত্ববাদ থেকে শুরু করে একুশ শতকের সাম্প্রতিক কথাসাহিত্য ও নাট্যপ্রযোজনা—সবক্ষেত্রেই শিক্ষার্থীদের বিশ্লেষণী ক্ষমতা বৃদ্ধির উপর জোর দেওয়া হয়েছে। আঞ্চলিক সংস্কৃতি ও প্রান্তিক জনপদের সাহিত্যকে উচ্চশিক্ষার মূলধারায় অন্তর্ভুক্ত করার যে নীতি NEP-তে বলা হয়েছে, তা এই সিলেবাসের কয়লাখনি-শিল্পাঞ্চলের বিশেষ সাহিত্য ও ভাষাচর্চার মাধ্যমে প্রতিফলিত হয়েছে।

### ২. লার্নিং আউটকাম (Learning Outcome) ভিত্তিক দৃষ্টিভঙ্গি:

মুখস্থ বিদ্যার গণ্ডি পেরিয়ে প্রতিটি কোর্সের একটি নির্দিষ্ট ও পরিমাপযোগ্য লার্নিং আউটকাম নির্ধারণ করা হয়েছে। শিক্ষার্থীরা প্রাচীন পুথিপাঠ ও বৈজ্ঞানিক সম্পাদনার কারিগরি কৌশল যেমন আয়ত্ত করবে, ঠিক তেমনই আখ্যানতত্ত্ব ও নাট্যপ্রযোজনা কলা (মঞ্চসজ্জা, আলো, রূপসজ্জা)-র মতো প্রায়োগিক বিষয়ের গভীর জ্ঞানলাভ করবে।

### ৩. কর্মসংস্থান ও পেশাগত উপযোগিতা (Employability):

বর্তমান যুগের চাহিদার সঙ্গে সংগতি রেখে এই পাঠক্রম শিক্ষার্থীদের বহুমুখী পেশার জন্য প্রস্তুত করবে। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে প্রথাগত অধ্যাপনা ও গবেষণার (NET/SET) সুযোগের পাশাপাশি প্রকাশনা শিল্প (বুক এডিটিং, প্রুফরিডিং), গণমাধ্যম ও বিনোদন জগৎ (ওটিটি ও চলচ্চিত্রের চিত্রনাট্য রচনা, থিয়েটার নির্দেশনা) এবং সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রকে উন্মুক্ত করে।

### ৪. প্রযুক্তি ও আধুনিক গবেষণার মেলবন্ধন:

সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হলো, প্রথাগত সাহিত্য গবেষণার কাঠামোর সঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)-র ইতিহাস ও তার নৈতিক ব্যবহারের বাস্তবমুখী সংযুক্তি। এটি শিক্ষার্থীদের সমকালীন ডিজিটাল যুগের উপযুক্ত টেকনিক্যাল রাইটার ও কৃত্রিম বুদ্ধিমত্তার ভাষাতাত্ত্বিক গবেষক (Language Processor) হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে

# প্রথম সেমেস্টার

## MAJOR COURSE WORK [MC-1]

## বিশ শতকের গদ্য ও প্রবন্ধ
**(MABNGMC701)**

**লার্নিং আউটকাম (Learning Outcome):** এই পর্বে ছাত্রছাত্রীরা, গদ্য সাহিত্যের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য রচনার স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের গদ্য রচনার পর্ব পেরিয়ে এসে বিশ শতকের গদ্য রচনার স্বরূপ বদলের ইতিহাস জানবে। গদ্য শৈলি সম্পর্কে অবগত হবে। গদ্যসাহিত্যের বিভিন্ন পর্যায়ের সঙ্গে পরিচিত হবে।

এই পর্বে ছাত্রছাত্রীরা, প্রবন্ধ পড়তে শিখবে। প্রবন্ধ বিশ্লেষণ করতে শিখবে। প্রবন্ধ লিখতে শিখবে। বাংলা প্রবন্ধ সাহিত্যের উদ্ভব ও বিকাশ পর্বের কথা জানবে। প্রবন্ধের মধ্য দিয়ে সমকালের সমাজ, সাহিত্য ও সংস্কৃতির পরিচয় পাবে। বাংলা প্রবন্ধ রচনার সূচনা পর্ব থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলা প্রবন্ধ রচনার শৈলির সঙ্গে পরিচিত হবে। প্রাবন্ধিকদের প্রবন্ধ রচনার রচনারীতি ও বিষয় সম্পর্কে জানবে। উনিশ শতকের প্রবন্ধের বৈচিত্র্য সম্পর্কে জানবে। বিশ শতকের প্রবন্ধের বৈচিত্র্য সম্পর্কে জানবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। বিনোদন দুনিয়ায় বর্তমান চাহিদার সাথে সংগতি রেখে চলচ্চিত্র ও ওটিটি (OTT) প্ল্যাটফর্মের জন্য চিত্রনাট্য রচনা এবং থিয়েটার বা নাট্য নির্দেশনার ক্ষেত্রে শিক্ষার্থীরা নিজেদের কর্মসংস্থানের পথ উন্মুক্ত করতে পারবে।

ক. রাজকাহিনী– অবনীন্দ্রনাথ ঠাকুর

খ. চাচাকাহিনী– সৈয়দ মুজতবা আলী

গ. বাংলা প্রবন্ধ – (বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত) নির্বাচিত
আমাদের ভাষা সংকট- প্রমথ চৌধুরী, পারিবারিক নারী সমস্যা– অন্নদাশঙ্কর রায়, সৎ প্রসঙ্গ- মীর মশাররফ হোসেন, বাংলার ব্রত– অবনীন্দ্রনাথ ঠাকুর, জাতি, সংস্কৃতি ও সাহিত্য– সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

## MAJOR COURSE WORK [MC-2]

## বাংলা শিশুসাহিত্য ও অলৌকিক গল্প
**(MABNGMC702)**

**লার্নিং আউটকাম (Learning Outcome):** বাংলা সাহিত্যের মূল ধারা গুলির সঙ্গে অন্য ধারার গল্প-উপন্যাসের প্রাচুর্য লক্ষ করা যায়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো অলৌকিক গল্প এবং কল্পকাহিনী। এই পর্বে রবীন্দ্রনাথ,পরশুরাম, শরদিন্দু এবং সত্যজিৎ রায়ের অলৌকিক গল্প গুলি শিক্ষার্থীদের মধ্যে কল্পনাশক্তিবা ইমাজিনেশন বাড়াতে সাহায্য করবে। কেবলমাত্র সামাজিকতা, পারিবারিক কথা, রাজনীতি, গভীর মনোসমীক্ষণ বাস্তবতা, জীবন সংগ্রাম ইত্যাদি গুরুতর ভাবনার পাশাপাশি অবস্থান করেছে এক অলৌকিক কল্পজগত। কঠিন বাস্তবতার মধ্যেও এই জগৎ উঁকি দিয়ে যায়। অনুভূতি প্রবন মন কখনো কখনো সেই জগতকে ছুঁয়ে ফেলে, প্রবেশ করে এক অচেনা জগতে, সেখানে হয়তো থাকে প্রাচীন ইতিহাসের ধূসরতা, জন্মান্তর প্রসঙ্গ, থাকে এই জীবনেই অন্য জীবনের ছায়াপাথ অথবা ভৌতিক পরিবেশ। কখনো আবার ফ্যান্টাসি রচনা করতে চায় মন, অলৌকিক কান্ড কারখানার কথা বিশ্বাস করতে চায় এই যুক্তিবাদী আধুনিক মনের মানুষরাও। একটা রহস্যময়, ছায়াময়, মায়াময় কুহেলিকা ছড়িয়ে পড়তে চায় কখনো। মানব মনের এই অর্ধচেতন অবস্থায় এই ধরনের কল্পকাহিনী অলৌকিক গল্প বা ফ্যান্টাসির উর্বর ভূমি। বাংলা সাহিত্যের প্রথিতযশা সাহিত্যিকরা যেমন অলৌকিক গল্প লিখেছেন তেমনি ফ্যান্টাসি বা কল্পকাহিনী লিখেছেন শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও বিমল কর। এ সম্পর্কে এই পর্বে শিক্ষার্থীরা সম্যক অবহিত হবে। তারা বাংলা সাহিত্যের বিস্ময় রস ও অদ্ভুত রস সম্পর্কে ধারণা লাভ করবে। কল্পনা শক্তির চর্চায় রচনা নৈপুণ্য বৃদ্ধি পাবে।

বাংলা শিশুসাহিত্য গড়ে উঠেছে রূপকথা, উপকথা, ঈশপের গল্প, কল্পকাহিনী, জাতকের গল্প, পঞ্চতন্ত্রের গল্প ইত্যাদিকে অবলম্বন করে। রবীন্দ্রনাথ থেকে দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, সুকুমার রায়, লীলা মজুমদার, সত্যজিৎ রায় বাংলা আধুনিক শিশু সাহিত্যের ধারাকে পরিপুষ্ট ও সমৃদ্ধ করেছে। শিক্ষার্থীরা শিশু মনস্তত্ত্ব ও শৈশবের নানা খেয়াল-খুশি, শৈশবের রামধনু এবং কল্পনাময় অন্য ভুবনের স্বাদ পাবে এই পর্যায়ে। শিশুসাহিত্যের ধারাবাহিক ইতিহাস, বৈশিষ্ট্য, বিশিষ্ট গদ্যশৈলী সম্পর্কে ছাত্রছাত্রীরা সম্যক ধারণা পাবে। বাস্তবতার কঠিন তিক্ততা ও যন্ত্রণা থেকে শিশুদের কল্পজগত অনেক দূরে। তাদের অমল, নিষ্কলুষ মন ফুটে উঠেছে খ্যাতনামা শিশু সাহিত্যিকদের রচনায়। ছাত্রছাত্রীরা তার পরিচয় পাবে, আর নিজেদের বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে পরিণত মনষ্কতার পাশাপাশি শিশুমনটিও বিরুদ্ধ পরিবেশের মধ্যে বাঁচিয়ে রাখার প্রেরণা পাবে এই কোর্সে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। গোয়েন্দা কাহিনী ও রহস্য সাহিত্যের মনস্তাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা অপরাধের ধরণ এবং অপরাধীর মনস্তত্ত্ব বোঝার যে শিক্ষা লাভ করবেন, তা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবন ও ব্যবহারিক জীবিকায় বিশেষভাবে সাহায্য করবে।

**ক.শিশু সাহিত্য :**

আবোল তাবোল – সুকুমার রায়

হলদে পাখির পালক – লীলা মজুমদার

গুপী গায়েন ও বাঘা বায়েন – উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

বুড়ো আংলা – অবনীন্দ্রনাথ ঠাকুর

**খ. অলৌকিক গল্প :**

ভুশণ্ডীর মাঠে – পরশুরাম

মায়া কুরঙ্গী – শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

খগম্ - সত্যজিৎ রায়

বেণী লস্করের মুণ্ডু - সুনীল গঙ্গোপাধ্যায়

## MAJOR COURSE WORK[MC-3]

# কল্পকাহিনি ও গোয়েন্দা কাহিনি

**(MABNGMC703)**

**লার্নিং আউটকাম (Learning Outcome):** কখনো আবার ফ্যান্টাসি রচনা করতে চায় মন , অলৌকিক কান্ড কারখানার কথা বিশ্বাস করতে চায় এই যুক্তিবাদী আধুনিক মনের মানুষরাও। একটা রহস্যময় ছায়াময় মায়াময় কুহেলিকা ছড়িয়ে পড়তে চাই কখনো। মানব মনের এই অর্ধচেতন অবস্থায় এই ধরনের কল্পকাহিনি অলৌকিক গল্প বা ফ্যান্টাসির উর্বর ভূমি। বাংলা সাহিত্যের প্রথিতযশা সাহিত্যিকরা যেমন অলৌকিক গল্প লিখেছেন তেমনি ফ্যান্টাসি বা কল্পকাহিনী লিখেছেন শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও বিমল কর। এ সম্পর্কে এই পর্বে শিক্ষার্থীরা সম্যক অবহিত হবে। তারা বাংলা সাহিত্যের বিস্ময় রস ও অদ্ভুত রস সম্পর্কে ধারণা লাভ করবে। কল্পনা শক্তির চর্চায় রচনা নৈপুণ্য বৃদ্ধি পাবে।

অন্যদিকে গোয়েন্দা কাহিনী সব শ্রেণীর মানুষকে বহুকাল থেকে আকৃষ্ট করে আসছে। স্যার আর্থার কোনান ডয়েল, আলফ্রেড হিচকক, বাংলায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায়, নীহাররঞ্জন গুপ্ত, অদ্রীশ বর্ধন, প্রেমেন্দ্র মিত্র, হেমেন্দ্রকুমার রায় প্রমুখ লেখকদের ধারাবাহিক গোয়েন্দা কাহিনির ইতিহাস ছাত্রছাত্রীরা জানতে পারবে। অপরাধের ধরণ, অপরাধের পিছনে কারণ, অপরাধীর মনস্তত্ত্ব, অপরাধীকে চিহ্নিত করার কৌশল ইত্যাদির জন্য তীক্ষ্ণ বুদ্ধিমত্তা, সমাজজ্ঞান, মনঃসমীক্ষণ -এই জাতীয় বৈশিষ্ট্যগুলি গোয়েন্দাদের পক্ষে একান্ত প্রয়োজন। শিক্ষার্থীরা গোয়েন্দা কাহিনীর মধ্যে দিয়ে মানব মনস্তত্ত্ব অপরাধ প্রবণতা, অপরাধের বিচার বিশ্লেষণ এবং তীক্ষ্ণ বুদ্ধি চর্চায় অপরাধীকে ধরে ফেলার শিক্ষা পেতে পারে, যা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবনে ও জীবিকায় সাহায্য করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। গোয়েন্দা কাহিনী ও রহস্য সাহিত্যের মনস্তাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা অপরাধের ধরণ এবং অপরাধীর মনস্তত্ত্ব বোঝার যে শিক্ষা লাভ

করবেন, তা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবন ও ব্যবহারিক জীবিকায় বিশেষভাবে সাহায্য করবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবে।

**কল্পকাহিনি** : স্বয়ং প্রফেসর শঙ্কু – সত্যজিৎ রায়

মনোজদের অদ্ভুত বাড়ি – শীর্ষেন্দু মুখোপাধ্যায়

অলৌকিক –বিমল কর

**গোয়েন্দা কাহিনি :** শজারুর কাঁটা - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

## MAJOR COURSEWORK [MC-4]

# আধুনিক ঐতিহাসিক উপন্যাস
## (MABNGMC704)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** এখানে পাঠকের ইতিহাসের উপাদান অনুসন্ধানই একমাত্র কাজ হয়ে উঠবে না সেই সাথে মানব জীবন ও সমাজ জীবনের সাথে মানুষের সম্পর্ক অনুসন্ধান এবং তার বিচিত্র কার্য কারণ সম্পর্ক স্থাপনও সচেতন পাঠকের আগ্রহ তৈরি করবে। মানব সমাজ, নর নারীর সম্পর্ক ও রাষ্ট্র ব্যবস্থার বিচিত্র অভিমুখ ছাত্রদের জ্ঞান সমৃদ্ধ করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability)** : শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবেন।

ক. গৌড়মল্লার - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

খ. রাধা - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

গ. নীলময়ূরের যৌবন - সেলিনা হোসেন

ঘ. লালবাঈ - রমাপদ চৌধুরী

## MINOR [MNC-1]

# দিনলিপি ও বাংলা গদ্যসাহিত্য
## (MABNGMN701)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** এই পর্বে ছাত্রছাত্রীরা, গদ্য সাহিত্যের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য রচনার স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের গদ্য রচনার পর্ব পেরিয়ে এসে বিশ শতকের গদ্য রচনার স্বরূপ বদলের ইতিহাস জানবে। গদ্য শৈলি সম্পর্কে অবগত হবে। গদ্যসাহিত্যের বিভিন্ন পর্যায়ের সঙ্গে পরিচিত হবে।দিনলিপি পাঠকের সাহিত্য ভাবনাকে নতুন অভিমুখে প্রবাহিত করবে।তারা ব্যক্তি জীবনে এই ভাবনার অনুসারী হয়ে দিনলিপি রচনায় উৎসাহিত হবে। ফলে তাদের সাহিত্যের সৃজনী দক্ষতা বৃদ্ধি পাবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবে।

ক. **গদ্য সাহিত্য** : শকুন্তলা - অবনীন্দ্রনাথ ঠাকুর
চাচাকাহিনী - সৈয়দ মুজতবা আলী

খ. **দিনলিপি :**

**স্মৃতি রেখা - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (নির্বাচিত):**
২৭ অক্টোবর ১৯২৪; ৩০ এপ্রিল ১৯২৫; ২৯ জুলাই ১৯২৫; ৯ অক্টোবর ১৯২৫; ৪ ফেব্রুয়ারি ১৯২৬; ৬ ফেব্রুয়ারি ১৯২৭; ৪ সেপ্টেম্বর ১৯২৭; ১৬ সেপ্টেম্বর ১৯২৭; ১৯ নভেম্বর ১৯২৭; ৩০ নভেম্বর ১৯২৭; ১লা বৈশাখ ১৩৩৫ সন; ১লা মার্চ ১৯২৮

**পশ্চিম যাত্রীর ডায়ারি - রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত):**
২৫ সেপ্টেম্বর, ২৬ সেপ্টেম্বর, ২৭ সেপ্টেম্বর, ২৮ সেপ্টেম্বর, ৩০ সেপ্টেম্বর, ২ অক্টোবর, ১১ ফেব্রুয়ারি, ১২ ফেব্রুয়ারি, ১৩ ফেব্রুয়ারি, ১৫ ফেব্রুয়ারি

# দ্বিতীয় সেমেস্টার

## MAJOR COURSEWORK[MC-5]

# বাঙালি জাতির ইতিহাস ও সাহিত্য ভাবনা
## (MABNGMC801)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** বাঙালি জাতি এবং তার ইতিহাস ও সাহিত্য বিষয়ে ছাত্রছাত্রীদের সম্যক ধারণা দেওয়া এই পত্রের বিশেষ উদ্দশ্য। বাঙালির সাহিত্য বিষয়ে ভিন্নমুখী প্রবনতা ও অভিমুখ ছাত্রছাত্রীদের মধ্যে জাগ্রত হবে এবং পাঠের আগ্রহ বৃদ্ধি পাবে। সাহিত্য বিষয়ে তাদের সচেতনতা তৈরি হবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability)**: ডিজিটাল মিডিয়া ও বহুজাতিক কোম্পানিতে কনটেন্ট রাইটার, কপিরাইটার বা অনুবাদক (Translator) হিসেবে ক্যারিয়ার গড়তে পারবে। এছাড়া সংবাদপত্র ও টিভি চ্যানেলে সাংবাদিকতা বা স্ক্রিপ্ট রাইটিং এবং স্কুল-কলেজে শিক্ষকতা ও গবেষণার দারুণ সুযোগ রয়েছে। সর্বোপরি, বাঙালির ইতিহাস ও মনস্তত্ত্বের গভীর জ্ঞান শিক্ষার্থীদের যেকোনো কর্পোরেট ফিল্ডে Public Relations (PR) বা হিউম্যান রিসোর্স (HR)-এর কাজের সুযোগ তৈরি করবে।

**ক. বাঙালির ইতিহাস** - সুভাষ মুখোপাধ্যায়

**খ. সাহিত্য ভাবনা**: (১) সাহিত্য - রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)

সাহিত্যের তাৎপর্য, সাহিত্যের সামগ্রী, কাব্য : স্পষ্ট এবং অস্পষ্ট, সাহিত্যের উদ্দেশ্য, সাহিত্য ও সভ্যতা

(২) কালের পুতুল - বুদ্ধদেব বসু (নির্বাচিত)

লেখার ইস্কুল, প্রমথ চৌধুরী ও বাংলা গদ্য, জীবনানন্দ দাশ-এর স্মরণে, নজরুল ইসলাম, কালের পুতুল

(৩) কবিতার কথা - জীবনানন্দ দাশ (নির্বাচিত)

কবিতার কথা, রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা, কবিতার আত্মা ও শরীর, কবিতা পাঠ, বাংলা কবিতার ভবিষ্যৎ

## MAJOR COURSEWORK[MC-6]

# প্রমথ চৌধুরীর নির্বাচিত প্রবন্ধ ও ভ্রমণ কাহিনি
## (MABNGMC802)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** বাংলা গদ্যসাহিত্য ও প্রবন্ধ সাহিত্যের স্বরূপ জানবে। প্রবন্ধ লেখার অভিজ্ঞান লাভ করবে। প্রবন্ধের শৈলি ও ভাষা সম্পর্কে অবহিত হবে। প্রবন্ধ রচনার কৌশল শিখবে। আধুনিক বাংলা সাহিত্যের কালসীমা ও যুগলক্ষণ জানবে। সাহিত্য বিষয়ক প্রবন্ধের দার্শনিক ভাবনা ও সমাজচেতনার পরিচয় পাবে। বাংলারসংস্কৃতি ও আধুনিক সাহিত্যের পরিচয় পাবে। প্রবন্ধ রচনার বিষয় ও রচনারীতি সম্পর্কে জ্ঞানলাভ করবে। এছাড়া ভ্রমণ কাহিনি ছাত্রছাত্রীদের সাহিত্য বিষয়ে কল্প-বিলাসি হতে সাহায্য করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** ডিজিটাল মিডিয়া ও বহুজাতিক কোম্পানিতে কনটেন্ট রাইটার, কপিরাইটার বা অনুবাদক (Translator) হিসেবে ক্যারিয়ার গড়তে পারবে। এছাড়া সংবাদপত্র ও টিভি চ্যানেলে সাংবাদিকতা বা স্ক্রিপ্ট রাইটিং এবং স্কুল-কলেজে শিক্ষকতা ও গবেষণার দারুণ সুযোগ রয়েছে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবে।

ক. **প্রবন্ধ সংগ্রহ:** প্রমথ চৌধুরী
ভারতচন্দ্র, বীরবল, বইপড়া, কাব্যে অশ্লীলতা, আলঙ্কারিক মত, বর্তমান বাংলা সাহিত্য

খ. **ভ্রমণ কাহিনি :** পথে প্রবাসে - অন্নদাশঙ্কর রায়
করুণা তোমার কোন পথ দিয়ে - নবনীতা দেবসেন

## MAJOR COURSEWORK[MC-7]

# বাংলা সরসগল্প এবং অণুগল্প
## (MABNGMC803)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** বিশ্বসাহিত্যে বাংলা সরসগল্প ও অণুগল্পের রূপরেখা সম্পর্কে জানবে। বাংলা সাহিত্যে সরগল্প ও অণুগল্পের উদ্ভব প্রসঙ্গে পড়বে। সরসগল্পের বৈচিত্র্য, তত্ত্ব, নির্মাণ, সমাজভাবনা ও চিরায়ত আবেদন অনুভব করতে পারবে। বাংলা গল্পের নির্মাণ শৈলি সম্পর্কে জানবে। আধুনিক কালের সময় ও যুগলক্ষণ সম্পর্কে অবহিত হবে। আধুনিক যুগের বিপন্নতা ও সংকটকে বুঝতে শিখবে। ঔপনিবেশিকতা ও উত্তর উপনিবেশবাদ সম্পর্কে অবহিত হবে। একালের সময় চেতনা ও সমাজতত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক গল্পের বিষয় বৈচিত্র্য জানবে। চেতনাপ্রবাহধর্মী লেখা চিনতে শিখবে। উপনিবেশ উত্তর যুগের লক্ষণ চিনতে পারবে। বাংলা গল্পপাঠের মধ্য দিয়ে বাংলা গল্পের স্বরূপ উদ্ভাবন করতে পারবে। ছাত্রছাত্রীরা গল্প লেখার প্রেরণা পাবে। একাধিক আন্তর্জাতিক মানেরগল্পকারের আবির্ভাব হয়েছে বাংলা সাহিত্যে। এই সরসগল্পকার ও অনুগল্পকার ও তাদের গল্পের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেওয়ার জন্য বিষয়টি সংযুক্ত করা হয়েছে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবে।

**ক.সরস গল্প**

প্রভাতকুমার মুখোপাধ্যায় : বাজীকর, রসময়ীর রসিকতা, প্রণয়-পরিণাম, বলবান জামাতা
পরশুরাম : বিরিঞ্চিবাবা, দাঁড়কাগ, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড, গণৎকার, কর্দম-মেখলা

**খ. অণুগল্প**

বনফুলের শ্রেষ্ঠ গল্প : আত্মপর, ক্যানভাসার, বৈষ্ণব-শাক্ত, পাঠকের মৃত্যু, জৈবিক নিয়ম, ছোটলোক, সংক্ষেপে উপন্যাস, তাজমহল, তপন

## MAJOR COURSEWORK[MC-8]

# বাংলা একাঙ্ক নাটক এবং গণনাট্য

## (MABNGMC804)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** এই পর্বে ছাত্রছাত্রীরা, বাংলা একাঙ্ক নাটকের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। বাংলা একাঙ্ক নাটক রচনার স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। একাঙ্ক নাটকের নানাবিধ বৈচিত্র্য সম্পর্কে পড়ার সুযোগ পাবে। একাঙ্ক নাটক মঞ্চস্থ করার আগ্রহ পাবে। একাঙ্ক নাটক পড়ার সঙ্গে সঙ্গে নাটকে অভিনয় করার সুযোগ পাবে।

গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে। উপনিবেশোত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণ করতে শিখবে। মার্কসীয় সমাজতাত্ত্বিক আন্দোলন, তত্ত্ব ও ফ্রয়েডীয় মনোবিকোলনতত্ত্বের তত্ত্বের ভিত্তিতে সাহিত্যবিচার করতে শিখবে। আধুনিক নাট্যশৈলির কথা জানতে পারবে। আধুনিক নাট্যবিচার ও অভিনয়ে উৎসাহী হবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability):** শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবেন।

**একাঙ্ক নাটক :**

দেবী– তুলসী লাহিড়ী, রাজপুরী – মন্মথ রায়, সুন্দর– মোহিত চট্টোপাধ্যায় ,অশ্বত্থামা-মনোজমিত্র

**গণনাট্য/ নবনাট্য :**

জবানবন্দী - বিজন ভট্টাচার্য, অঙ্গার - উৎপল দত্ত

## MINOR [MNC-2]

# গোয়েন্দা কাহিনি ও অভিযান কাহিনি
## (MABNGMN801)

**লার্নিং আউটকাম (Learning Outcome):** সায়েন্স ফিকশন এবং ডিটেকটিভ উপন্যাস ছাত্রছাত্রীরা আগ্রহের সঙ্গে পড়ে। সাহিত্য শুধু বলে না , কি হয়; কি হতে পারে, এটাও সাহিত্যের বিষয়। বিজ্ঞানের গবেষণা পৃথিবীতে অনেক অসাধ্য সাধন করেছে। কল্পবিজ্ঞানের লেখকেরা বিজ্ঞানের মধ্যে কিছু সম্ভব অসম্ভব কল্পনা সূত্র যোগ করে বিজ্ঞানের যুক্তিবুদ্ধির মধ্যেও ইমাজিনেশন বা কখনো উদ্ভাবনী চিন্তা জাগিয়ে তুলতে চান। সত্যজিৎ রায়ের শঙ্কু কাহিনী এমন এক ধরনের কল্পবিজ্ঞান যেখানে বিজ্ঞান কল্পনা রসে জারিত হয়ে পাঠকের মনে অনুসন্ধিৎসা সৃষ্টি করে। শিক্ষার্থীদের মধ্যে এই কৌতুহল জাগিয়ে তোলা এবং কলা বিভাগের ছাত্র ছাত্রীদের মধ্যে বিজ্ঞানের অনুষঙ্গ কল্পনা রসে জীবন্ত করে তোলাই এই কোর্সের লক্ষ্য।
অন্যদিকে গোয়েন্দা কাহিনী সব শ্রেণীর মানুষকে বহুকাল থেকে আকৃষ্ট করে আসছে। স্যার আর্থার কোনান ডয়েল, আলফ্রেড হিচকক, বাংলায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায়, নীহাররঞ্জন গুপ্ত, অদ্রীশ বর্ধন, প্রেমেন্দ্র মিত্র, হেমেন্দ্রকুমার রায় প্রমুখ লেখকদের ধারাবাহিক গোয়েন্দা কাহিনির ইতিহাস ছাত্রছাত্রীরা জানতে পারবে। অপরাধের ধরণ, অপরাধের পিছনে কারণ, অপরাধীর মনস্তত্ত্ব, অপরাধীকে চিহ্নিত করার কৌশল ইত্যাদির জন্য তীক্ষ্ণ বুদ্ধিমত্তা, সমাজজ্ঞান, মনঃসমীক্ষণ -এই জাতীয় বৈশিষ্ট্যগুলি গোয়েন্দাদের পক্ষে একান্ত প্রয়োজন। শিক্ষার্থীরা গোয়েন্দা কাহিনীর মধ্যে দিয়ে মানব মনস্তত্ত্ব অপরাধ প্রবণতা, অপরাধের বিচার বিশ্লেষণ এবং তীক্ষ্ণ বুদ্ধি চর্চায় অপরাধীকে ধরে ফেলার শিক্ষা পেতে পারে, যা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবনে ও জীবিকায় সাহায্য করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা (Employability)**: শিক্ষার্থীরা স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চিরাচরিত অধ্যাপনা করার সুযোগ পাবে। এছাড়া উচ্চশিক্ষায় গবেষণার জন্য NET বা SET পরীক্ষার মাধ্যমে নিজেদের প্রস্তুত করতে পারবে। গোয়েন্দা কাহিনী ও রহস্য সাহিত্যের মনস্তাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা অপরাধের ধরণ এবং অপরাধীর মনস্তত্ত্ব বোঝার যে শিক্ষা লাভ করবেন, তা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবন ও ব্যবহারিক জীবিকায় বিশেষভাবে সাহায্য করবে। সংস্কৃতি, সাহিত্য ও সমাজকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক সাংবাদিকতার ক্ষেত্রেও যুক্ত হতে পারবে।

**গোয়েন্দা কাহিনি :** রয়েল বেঙ্গল রহস্য - সত্যজিৎ রায়
চোরাবালি - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

**অভিযান কাহিনি :** চাঁদের পাহাড় - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

# তৃতীয় সেমেস্টার

## ঐচ্ছিক পত্রগুচ্ছ – ক : মধ্যযুগের বাংলা সাহিত্য ও সংস্কৃতি

**লার্নিং আউটকাম:**

- ত্রয়োদশ থেকে অষ্টাদশ শতাব্দীর বাংলার সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবর্তনের ইতিহাস এবং সাহিত্যের বিবর্তনের পারস্পরিক সম্পর্ক শিক্ষার্থীরা গভীরভাবে বুঝতে পারবে।
- মধ্যযুগীয় বাংলার ধর্মীয় বহুত্ববাদ, সুফি, বৈষ্ণব, শাক্ত এবং বৌদ্ধ সহজযান তত্ত্বের মেলবন্ধন ও সাংস্কৃতিক সহাবস্থান সম্পর্কে ধারণা লাভ করবে।
- প্রাচীন পুথি পাঠের পদ্ধতি ও বৈজ্ঞানিক সম্পাদনার কৌশল আয়ত্ত করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- পুথিশালা ও সংগ্রহশালা বিশেষজ্ঞ: এশিয়াটিক সোসাইটি, জাতীয় সংগ্রহশালা বা বিশ্ববিদ্যালয়ের পুথি বিভাগে ‘কুরেটর’ বা পুথি গবেষক হিসেবে কাজের সুযোগ।
- ঐতিহাসিক ও সাংস্কৃতিক গবেষক: মধ্যযুগীয় ইতিহাস ও সংস্কৃতি নিয়ে কাজ করা সরকারি ও বেসরকারি গবেষণা সংস্থায় নিয়োগ।
- আর্কাইভাল অ্যাসিস্ট্যান্ট: প্রাচীন পাণ্ডুলিপি ও নথি সংরক্ষণের জন্য সরকারি আর্কাইভে কাজের সুযোগ।

### Major Research Coursework Elective [MCE-1]

### MABNGMCE901
### মধ্যযুগের বাংলা সাহিত্য ও সংস্কৃতি: প্রবেশক

ক. মধ্যযুগের বাংলার সামাজিক-অর্থনৈতিক-রাজনৈতিক ইতিহাস (ত্রয়োদশ-অষ্টাদশ শতাব্দী)

খ. মধ্যযুগের বাংলার ধর্মচিন্তায় বহুত্ব ও সহাবস্থান

গ. মধ্যযুগের বাংলার শিল্পমাধ্যম— ধর্মীয় স্থাপত্য, সংগীত, চিত্রকলা

ঘ. পুথিপাঠ ও সম্পাদনা

ঙ. মধ্যযুগচর্চা (অক্ষয়কুমার দত্ত, হরপ্রসাদ শাস্ত্রী, দীনেশচন্দ্র সেন, মুহম্মদ শহীদুল্লাহ, সুকুমার সেন, আবদুল করিম সাহিত্যবিশারদ, নীহাররঞ্জন রায়, পঞ্চানন মণ্ডল, হিতেশরঞ্জন সান্যাল, তারাপদ মুখোপাধ্যায়, আনিসুজ্জামান— যেকোন দু’জন)

### Major Research Coursework Elective [MCE-2]

### MABNGMCE902
### ধর্মীয় তত্ত্বভাবনা ও মধ্যযুগের বাংলা সাহিত্য

ক. ব্রজযানী বৌদ্ধ তত্ত্ব— নির্বাচিত পাঁচটি চর্যাগান

খ. গৌড়ীয় বৈষ্ণব তত্ত্ব— কৃষ্ণদাস কবিরাজ- চৈতন্যচরিতামৃত (নির্বাচিত অংশ— আদিলীলা- ১ম ও ৪র্থ পরিচ্ছেদ, মধ্যলীলা- ৮ম পরিচ্ছেদ, অন্ত্যলীলা- শিক্ষাষ্টক)

গ. শাক্ত তত্ত্ব— কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত 'শাক্ত পদাবলী' সংকলন থেকে নির্বাচিত ১০টি শাক্তপদ

ঘ. সুফি তত্ত্ব— আহমদ শরীফের 'বাংলা সুফি সাহিত্য' অবলম্বনে নির্বাচিত ২টি রচনা

ঙ. সহজিয়া বৈষ্ণব ও বাউল-ফকির ভাবনা— নির্বাচিত দশটি পদাবলি

## Major Research Coursework Elective [MCE-3]

## MABNGMCE903
## মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ

ক. কৃত্তিবাসী রামায়ণ/ জগদ্রামী রামপ্রসাদী রামায়ণ

খ. বিজয়গুপ্তের পদ্মাপুরাণ/ ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল

গ. শাহ মুহম্মদ সগীর- ইউসুফ-জোলেখা/ সৈয়দ সুলতান— নবীবংশ

ঘ. নরহরি চক্রবর্তী— ভক্তিরত্নাকর/ নিত্যানন্দ দাস- প্রেমবিলাস

ঙ. শেখ ফয়জুল্লাহ— গোর্খ-বিজয়/ শুকর মাহ্মুদ- গুপিচন্দ্রের সন্যাস

## ঐচ্ছিক পত্রগুচ্ছ – খ : কথাসাহিত্য

**লার্নিং আউটকাম:**

- আখ্যানতত্ত্বের (Narratology) বিভিন্ন পর্যায়, প্লট গঠন, চরিত্রায়ণ এবং উপন্যাসের বহুমুখী সংরূপ (আঞ্চলিক, মনস্তাত্ত্বিক, রাজনৈতিক, অতিমারি ইত্যাদি) সম্পর্কে তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান অর্জন করবে।
- বিশ ও একুশ শতকের বাংলা ছোটোগল্প ও উপন্যাসের সাম্প্রতিক ধারা এবং সমকালীন সমাজবাস্তবতার প্রতিফলন বিশ্লেষণ করতে পারবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- কন্টেন্ট রাইটিং ও চিত্রনাট্য তৈরি: ওটিটি (OTT) প্ল্যাটফর্ম, টেলিভিশন ও সিনেমার জন্য স্ক্রিপ্ট রাইটিং বা গল্প রচনায় বিশেষ অগ্রাধিকার।
- প্রকাশনা সংস্থা: নামী প্রকাশনা সংস্থায় বুক এডিটর, প্রুফ রিডার বা পাণ্ডুলিপি নির্বাচক (Reviewer) হিসেবে নিয়োগ।
- সাহিত্য সমালোচনা ও সাংবাদিকতা: খবরের কাগজ ও ম্যাগাজিনে সাহিত্য সমালোচক বা ফিচার রাইটার হিসেবে পেশা গ্রহণের সুযোগ।

## Major Research Coursework Elective [MCE-1]

## MABNGMCE904
## আখ্যানতত্ত্বচর্চা ও বাংলা কথাসাহিত্যের গতিপ্রকৃতি

ক) আখ্যানতত্ত্বের পাঠ:

- আখ্যানতত্ত্বের প্রথম পর্যায়, কথা-আখ্যানে প্রবেশ, আখ্যানের প্লট, কাহিনি-চরিত্র, স্থান: ধারণা ও নির্মাণ, সময়, কথক-লেখক, শ্রোতা-পাঠক, অভিকেন্দ্রীকরণ, বাক-উপস্থাপন, আখ্যানতত্ত্ব: উত্তর পাঠ।

খ) উপন্যাসের সংরূপ ও আনুষঙ্গিক:

- বাংলা উপন্যাস: সাধারণ আলোচনা, বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ, বাংলা উপন্যাসের গঠন বিন্যাস, রোমান্স ও নভেল, কথা ও আখ্যায়িকা, নকশাধর্মী উপন্যাস, ঐতিহাসিক উপন্যাস, রাজনৈতিক উপন্যাস, আঞ্চলিক উপন্যাস, গোয়েন্দা উপন্যাস, মনস্তাত্ত্বিক ও মনঃসমীক্ষণমূলক উপন্যাস, চেতনাপ্রবাহরীতির উপন্যাস, কারা উপন্যাস, পত্রোপন্যাস, আত্মজৈবনিক উপন্যাস, মহাকাব্যিক উপন্যাস, না উপন্যাস।

গ) ছোটোগল্পের সংরূপ ও আনুষঙ্গিক:

- বাংলা ছোটোগল্প: সাধারণ আলোচনা, বাংলা ছোটোগল্পের উদ্ভব ও বিকাশ, ছোটোগল্পের সূচনা ও সমাপ্তি, ছোটোগল্পের ঐক্য-প্রতীতি, অনুগল্প, ছোটোগল্প: নতুন রীতি, শাস্ত্রবিরোধী, হাংরি, শ্রুতি, নিম সাহিত্য আন্দোলন।

ঘ) উপন্যাস-ছোটোগল্প সমালোচনার ইতিহাস ও গতিপ্রকৃতি: (নির্বাচিত দু'টি গবেষণা গ্রন্থ)

- শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়- 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা', সরোজ বন্দ্যোপাধ্যায়- 'বাংলা উপন্যাসের কালান্তর', অশ্রুকুমার শিকদার– 'আধুনিকতা ও বাংলা উপন্যাস', সত্যেন্দ্রনাথ রায়– 'বাংলা উপন্যাস ও তার আধুনিকতা', দেবীপদ ভট্টাচার্য- 'উপন্যাসের কথা', দেবেশ রায়- 'উপন্যাসের নানা ধরনের খোঁজে', ক্ষেত্র গুপ্ত- 'বাংলা উপন্যাসের ইতিহাস'।
- নারায়ণ গঙ্গোপাধ্যায়- 'সাহিত্যে ছোটোগল্প', রথীন্দ্রনাথ রায়- 'ছোটগল্পের কথা', ভূদেব চৌধুরী- 'বাংলা সাহিত্যে ছোটগল্প ও গল্পকার', শিশিরকুমার দাশ- 'বাংলা ছোটগল্প', অরুণকুমার মুখোপাধ্যায়- 'কালের পুত্তলিকা', উজ্জ্বলকুমার মজুমদার- 'গল্প পাঠকের ডায়ারি'।

ঙ) বাংলা উপন্যাসের সাম্প্রতিক প্রবণতা: (যে কোনো দু'টি বর্গ থেকে একটি করে উপন্যাস)

- জীবনী উপন্যাস– 'নীল হাওয়ার সমুদ্রে'- প্রদীপ দাশশর্মা/ 'নিঃসঙ্গ ঈশ্বর'- সমীরণ দাস,
- পরিবেশকেন্দ্রিক উপন্যাস– 'জলতিমির'- সাধন চট্টোপাধ্যায়/ 'কালো সাদা বাতাস'- জয়া মিত্র,
- নদীকেন্দ্রিক উপন্যাস- 'ময়ূরাক্ষী'- সরোজকুমার রায়চৌধুরী/ 'মহানদী'- অনিতা অগ্নিহোত্রী,
- পুরাণকেন্দ্রিক উপন্যাস- 'পাঞ্চজন্য'- গজেন্দ্রনাথ মিত্র/ 'শ্রীকৃষ্ণের শেষকটা দিন'- সঞ্জীব চট্টোপাধ্যায়,
- দেশভাগকেন্দ্রিক উপন্যাস– 'এপার গঙ্গা ওপার গঙ্গা'- জ্যোতির্ময়ী দেবী/ 'ধুলোগ্রাম'- অমর মিত্র,
- নকশাল আন্দোলনকেন্দ্রিক উপন্যাস– 'অজ্ঞাতবাস'- শৈবাল মিত্র/ 'মৃত্যু কুসুম' – কিন্নর রায়,
- বহির্বঙ্গ নির্মাণকেন্দ্রিক উপন্যাস– 'কোজাগর'– বুদ্ধদেব গুহ/ 'রামচরিত্র'- প্রফুল্ল রায়,
- কয়লাঞ্চলের উপন্যাস- 'কেউ ফেরে নাই'- শক্তিপদ রাজগুরু/ 'ঢুণ্ডিয়াপাল'- মানব চক্রবর্তী,
- অতিমারিকেন্দ্রিক উপন্যাস– 'মহাপ্রস্থান'- পদ্মনাভ দাশগুপ্ত/ 'লাশপূর্ণিমা'- মধুময় পাল।

## Major Research Coursework Elective [MCE-2]

## MABNGMCE905
## পর্ব-পর্বান্তরে বিশ-একুশ শতকের বাংলা উপন্যাস

(প্রতি বর্গ থেকে একটি করে উপন্যাস)

ক) জ্যোতিরিন্দ্র নন্দী– 'বারো ঘর এক উঠোন'/ বিমল মিত্র- 'কড়ি দিয়ে কিনলাম'/ সন্তোষকুমার ঘোষ- 'শেষ নমস্কার, শ্রীচরণেষু মাকে',

খ) বিমল কর- 'যদুবংশ'/ সৈয়দ মুস্তাফা সিরাজ- 'অলীক মানুষ'/ মতি নন্দী- 'স্ট্রাইকার',

গ) শীর্ষেন্দু মুখোপাধ্যায়- 'ঘুণপোকা'/ দিব্যেন্দু পালিত- 'সহযোদ্ধা'/ বাণী বসু- 'খনামিহিরের ঢিপি',

ঘ) ভগীরথ মিশ্র- 'আড়কাঠি' / সুচিত্রা ভট্টাচার্য- 'দহন'/ নলিনী বেরা- 'সুবর্ণরেণু সুবর্ণরেখা',

ঙ) প্রীতম বসু- 'পাঁচমুড়োর পঞ্চাননমঙ্গল'/ পরিমল ভট্টাচার্য- 'সাতগাঁর হাওয়াতাঁতিরা'/ তপন বসু- 'ভগনাডিহির সেঙ্গেল'।

## Major Research Coursework Elective [MCE-3]

## MABNGMCE906
## পর্ব-পর্বান্তরে বিশ-একুশ শতকের বাংলা ছোটোগল্প

(প্রতিটি বর্গ থেকে যে কোনো দুইজন গল্পকারের দু'টি করে গল্প)

ক) সৈয়দ মুজতবা আলী- পাদটীকা, নেড়ে,

আশাপূর্ণা দেবী- ছিন্নমস্তা, জগন্নাথের জমি,

অমিয়ভূষণ মজুমদার- কলঙ্ক, তাঁতি বউ

আশালতা সিংহ- সেলাইয়ের কল, মঞ্জরীর বেহায়াপনা,

প্রতিভা বসু- বসন্ত জাগ্রত দ্বারে, মুক্তি,

খ) অসীম রায়- লখিয়ার বাপ, অনি,

শ্যামল গঙ্গোপাধ্যায়- অন্নপূর্ণা, চন্দনেশ্বরের মাচানতলায়,

প্রফুল্ল রায়- রাজা আসে রাজা যায়, দেশ নেই,

দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়- অশ্বমেধের ঘোড়া, জটায়ু,

দেবেশ রায়- হাড়কাটা, অসুখ,

গ) অভিজিৎ সেন- চিলানি মায়ের গল্প, চোখে ঘুম নেই,

তপোবিজয় ঘোষ- এখন প্রেম, ইতিহাস,

নবনীতা দেবসেন- খেসারত, গদাধরপুর উইমেন্স কলেজ,

বাণী বসু- তুলসী পুরাণ, মুক্তি

দিব্যেন্দু পালিত- ছন্দ পতন, শোকসভা,

ঘ) সমীর রক্ষিত- খড়্গ, বন্যার পরে বাড়ি ফেরা

সুবিমল মিশ্র- সময় দুঃসময়, সজনে ফুলে ভাল চচ্চড়ি হয়

সাধন চট্টোপাধ্যায়- স্টিলের চঞ্চু, এলাটিং বেলাটিং সই লো

ঝড়েশ্বর চট্টোপাধ্যায়- জলের আয়না, সিন্দুক

শচীন দাশ- নদী মিথ্যে বলে না, ছিটমানুষ।

ঙ) অমর মিত্র- গাঁওবুড়ো, হারানো নদীর স্রোত

সৈকত রক্ষিত- মাড়াইকল, আঁকশি

রামকুমার মুখোপাধ্যায়- গাঁ ঘরের কথা, পিকনিক

অনিল ঘড়াই- প্রান্তিক, পরীযান

আফসার আহমেদ- আয়না যুদ্ধ, দোজখের ফেরেশতা।

## ঐচ্ছিক পত্রগুচ্ছ – গ : নাটক

**লার্নিং আউটকাম:**

- প্রাচীন ভারতীয় নাট্যশাস্ত্র (রসতত্ত্ব, অভিনয়কলা) এবং ইউরোপীয় নাট্যতত্ত্বের (ট্র্যাজেডি, কমেডি, অ্যাবসার্ড থিয়েটার) তুলনামূলক আলোচনা বুঝতে পারবে।
- মঞ্চসজ্জা, আলোকসম্পাত, রূপসজ্জা এবং আবহ সংগীতের মতো নাট্য প্রযোজনার কারিগরি দিকগুলোর ব্যবহারিক জ্ঞান লাভ করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- থিয়েটার ও পারফর্মিং আর্টস: পেশাদার নাট্যদলে নির্দেশক, মঞ্চ পরিচালক বা অভিনেতা হিসেবে কাজের সুযোগ।
- মিডিয়া হাউজ ও দূরদর্শন: দূরদর্শন বা এফএম রেডিওতে ড্রামা ডিরেক্টর বা প্রোগ্রাম প্রডিউসার হিসেবে ক্যারিয়ার গড়ার সুযোগ।
- আর্ট ডিরেকশন: ইভেন্ট ম্যানেজমেন্ট বা সাংস্কৃতিক অনুষ্ঠানে মঞ্চ ও আলোকসজ্জা পরিকল্পনাকারী হিসেবে স্বাধীন ব্যবসা বা চাকরি।

## Major Research Coursework Elective [MCE-1]

## MABNGMCE907
## প্রাচীন ভারতীয় নাট্যতত্ত্ব ও উনিশ শতকের বাংলা নাটক

ক. নাট্যতত্ত্ব

- প্রাচীন ভারতীয় নাট্যতত্ত্ব
- ভারতীয় নাট্যমঞ্চের উদ্ভব ও ইতিহাস এবং প্রাচীন ভারতের নানাবিধ প্রকার নাট্যশালা
- রস
- রূপকের দশ প্রকার
- অভিনয় – অঙ্গিক, বাচিক, সাত্ত্বিক, আহার্য

খ. বাংলা নাটকের ইতিহাস– প্রাক্-আধুনিক পর্ব (চৈতন্য পূর্ববর্তী, চৈতন্য সমকালীন ও চৈতন্য-উত্তর পর্ব)

গ. শৌখিন ও পেশাদারি রঙ্গমঞ্চের ইতিহাস–উনিশ শতক

ঘ. রামনারায়ণ তর্করত্ন- কুলীনকুল সর্বস্ব
রবীন্দ্রনাথ ঠাকুর- বাল্মীকি প্রতিভা

ঙ. গিরিশচন্দ্র ঘোষ- জনা
ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ- আলিবাবা

## Major Research Coursework Elective [MCE-2]

## MABNGMCE908

## ইউরোপীয় নাট্যতত্ত্ব ও বিশ শতকের বাংলা নাটকের নানা পর্বান্তর

ক. ইউরোপীয় নাট্যতত্ত্ব – ট্র্যাজেডি: পর্বান্তর
কমেডি: পর্বান্তর
একাঙ্ক নাটক: পর্বান্তর
কাব্যনাট্য ও নাট্যকাব্য: পর্বান্তর

খ. পেশাদারি রঙ্গমঞ্চ থেকে গ্রুপ থিয়েটার– বিশ শতক

গ. দেশজ নাট্যধারা, রবীন্দ্র নাট্যভাবনা ও নাট্য আন্দোলন–
দেশজ নাট্যধারা- যাত্রা, গম্ভীরা, আলকাপ, লেটো
রবীন্দ্র নাট্যভাবনা (রঙ্গমঞ্চ প্রবন্ধ পরবর্তী পর্যায়)
নাট্য আন্দোলন– গণনাট্য আন্দোলন, থার্ড থিয়েটার, অ্যাবসার্ড থিয়েটার (কিমিতিবাদী নাটক), পথ নাটক

ঘ. (যে কোনো দুইজন নাটককারের একটি করে নাটক নির্বাচন করতে হবে।)
রবীন্দ্রনাথ ঠাকুর- শারদোৎসব / রাজা
মন্মথ রায়– কারাগার / মুক্তির ডাক
বিজন ভট্টাচার্য– নবান্ন / হাঁসখালির হাঁস
দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়– বাস্তুভিটা / তরঙ্গ
বুদ্ধদেব বসু– প্রথম পার্থ / তপস্বী ও তরঙ্গিণী
শম্ভু মিত্র– চাঁদ বণিকের পালা / পুতুল খেলা

ঙ. (যে কোনো দুইজন নাটককারের একটি করে নাটক নির্বাচন করতে হবে।)
বাদল সরকার– সারারাত্তির / বাকি ইতিহাস
উৎপল দত্ত– ফেরারি ফৌজ/ ব্যারিকেড
অজিতেশ বন্দ্যোপাধ্যায়– তিন পয়সার পালা / সওদাগরের নৌকা
মোহিত চট্টোপাধ্যায়– কণ্ঠনালীতে সূর্য / মুষ্টিযোগ

মনোজ মিত্র– চাক ভাঙা মধু / অলকানন্দার পুত্রকন্যা

অরুণ মুখোপাধ্যায়– মারীচ সংবাদ/ জগন্নাথ

## Major Research Coursework Elective [MCE-3]

## MABNGMCE909

## নাট্য প্রযোজনা ও বাংলা নাটক – একুশ শতক

ক. নাট্য প্রযোজনা সম্পর্কে সাধারণ ধারণা (মঞ্চসজ্জা, আলোকসম্পাত, রূপসজ্জা, আবহ, অভিনয়, পোশাক)

খ. বাংলা থিয়েটারের ইতিহাস– একুশ শতক

গ. গ্রুপ থিয়েটার ও মহিলা থিয়েটার কর্মী (নির্বাচিত)

ঘ. চন্দন সেন- ইপ্সা / এক নায়কের শেষ রাত

সৌমিত্র বসু- আশ্রমিক / মনোবাস

ঙ. উজ্জ্বল চট্টোপাধ্যায়- মনসামঙ্গল / মনশ্চক্ষু

সাধনা আহমেদ– প্রার্থিনী / ব্রাত্য আমি মন্ত্রহীন

## ঐচ্ছিক পত্রগুচ্ছ - ঘ : নজরুল সাহিত্য

**লার্নিং আউটকাম:**

- কাজী নজরুল ইসলামের জীবন, সময়, সম্পাদকীয় সত্তা, অনুবাদ কর্ম এবং তাঁর বহুমুখী সাহিত্য ও সংগীতের দার্শনিক ভিত্তি উন্মোচন করতে পারবে।
- নজরুলের সাম্যবাদী ও জাতীয়তাবাদী চেতনার প্রাসঙ্গিকতা বর্তমান সামাজিক প্রেক্ষাপটে মূল্যায়ন করতে সক্ষম হবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- নজরুল চর্চা কেন্দ্র: দেশ-বিদেশের বিভিন্ন নজরুল গবেষণা কেন্দ্রে বা সরকারি নজরুল অ্যাকাডেমিতে গবেষক বা আধিকারিক পদ।
- সংগীত ও সংস্কৃতি সাংবাদিকতা: নজরুল সংগীত ও তৎকালীন সাংস্কৃতিক ইতিহাস নিয়ে গবেষণা ও সাংবাদিকতা।
- অনুবাদ শিল্প: নজরুলের সাহিত্য অনুবাদ করে আন্তর্জাতিক প্রকাশনা ক্ষেত্রে অনুবাদক হিসেবে কাজ করার সুযোগ।

## Major Research Coursework Elective [MCE-1]

## MABNGMCE910

## নজরুল সাহিত্য প্রবেশক

ক. নজরুলের সময় ও সমাজ

খ. জীবনীগ্রন্থে নজরুল

গ. স্মৃতিকথায় নজরুল

ঘ. চিঠিপত্রে নজরুল

ঙ. নজরুল সাহিত্য সমালোচনা

## Major Research Coursework Elective [MCE-2]

## MABNGMCE911
## নজরুল সাহিত্য পাঠ / ১

ক. ছোটোগল্প: ব্যথার দান / রিক্তের বেদন / শিউলিমালা

(যেকোনো একটি গল্পগ্রন্থ থেকে নির্বাচিত গল্প)

খ. উপন্যাস: বাঁধনহারা / মৃত্যুক্ষুধা / কুহেলিকা

গ. নাটক: পুতুলের বিয়ে / ঝিলিমিলি / আলেয়া

ঘ. প্রবন্ধ: রাজবন্দির জবানবন্দি, তুর্ক মহিলার ঘোমটা খোলা, হিন্দু মুসলমান, তরুণের সাধনা, সুন্দর (নির্বাচিত দু'টি প্রবন্ধ)

ঙ. কাব্য: অগ্নিবীণা / ভাঙার গান / সাম্যবাদী / সর্বহারা / চক্রবাক / ঝড় (নির্বাচিত কবিতা)

**Major Research Coursework Elective [MCE-3]**

## MABNGMCE912
## নজরুল সাহিত্য পাঠ / ২

ক. অনুবাদক নজরুল

খ. সংগীতস্রষ্টা নজরুল

গ. শিশু-কিশোর সাহিত্যিক নজরুল

ঘ. সম্পাদক নজরুল

ঙ. চলচ্চিত্রে নজরুল

# ঐচ্ছিক পত্রগুচ্ছ – ঘ : পশ্চিম বর্ধমানের কয়লাখনি-শিল্পাঞ্চলের সাহিত্য

**লার্নিং আউটকাম:**

- আসানসোল-রানিগঞ্জ কয়লাখনি অঞ্চলের ইতিহাস, জনবিন্যাস, সমাজভাষা এবং কয়লাঞ্চলের কথ্য ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য নিরূপণ করতে পারবে।
- আঞ্চলিক কথ্য রূপের ওপর প্রত্যক্ষ ক্ষেত্রসমীক্ষা (Field Survey) ও গবেষণাপত্র তৈরির ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- সমাজভাষাতাত্ত্বিক বা এনজিও (NGO) কর্মী: খনি অঞ্চলের সামাজিক ও পরিবেশগত সমস্যা নিয়ে কাজ করা সংস্থায় ক্ষেত্র সমীক্ষক ও গবেষক (Field Researcher)।
- আঞ্চলিক পর্যটন ও সংস্কৃতি নির্দেশক: শিল্পাঞ্চলের লোকসংস্কৃতি ও ইতিহাসকে কেন্দ্র করে হেরিটেজ ট্যুরিজম ক্ষেত্রে কাজ।
- ভাষাতাত্ত্বিক ডেটা অ্যানালিস্ট: লোকাল ডায়ালেক্ট বা উপভাষা নিয়ে কাজ করা ডিজিটাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং সংস্থায় পরামর্শদাতা।

**Major Research Coursework Elective [MCE-1]**

## MABNGMCE913
## পশ্চিম বর্ধমানের কয়লাখনি-শিল্পাঞ্চল: ইতিহাস-ভূগোল-সংস্কৃতি

ক. প্রাক্‌-কয়লাশিল্প পর্বে পশ্চিম বর্ধমান

খ. কয়লাখনি-শিল্পাঞ্চল ও স্থানীয় জনবিন্যাস

গ. রানিগঞ্জ-আসানসোল-ধানবাদ: নগরায়ণের ইতিবৃত্ত

ঘ. কয়লাখনি শিল্পাঞ্চল ও পরিবেশগত সমস্যা

ঙ. কয়লাখনি-শিল্পাঞ্চলের ধর্মীয় ও সাংস্কৃতিক মানচিত্র

**Major Research Coursework Elective [MCE-2]**

## MABNGMCE914
## পশ্চিম বর্ধমানের কয়লাখনি-শিল্পাঞ্চলের সাহিত্য

ক. উপন্যাস: (যে কোনো দু'টি উপন্যাস)

- শৈলজানন্দ মুখোপাধ্যায়- কয়লাকুঠির দেশ
- কালীপদ ঘটক- মৃদঙ্গার
- মানব চক্রবর্তী- কুশ
- প্রফুল্ল সিংহ- মহাকালের ঘোড়া
- দেবনাথ বন্দ্যোপাধ্যায়- জলখাদ

খ. ছোটোগল্প:

- শৈলজানন্দ মুখোপাধ্যায়- সুনির্বাচিত কয়লাকুঠি সমগ্র (নির্বাচিত গল্প)
- মৃদঙ্গার গল্প সংকলন (নির্বাচিত গল্প)

গ. নাটক:

- উৎপল দত্ত- অঙ্গার

ঘ. কবিতা

- সমরেশ দাশগুপ্ত- উদরে তার অগ্নি
- তারক সেন- কয়লাপ্রবণ দেশ
- রঞ্জিতকুমার সরকার- কৃষ্ণমৃত্তিকা
- নীতিশ চৌধুরী- কালো হীরের দেশ
- জহর মিশ্র- কয়লা

ঙ) পত্রপত্রিকা (যে কোনো দু'টি পত্রিকা)

- নিম
- আজকের যোধন

- ভূমধ্যসাগর
- উদ্যোগ

## Major Research Coursework Elective [MCE-3]

## MABNGMCE915
## কয়লাখনি-শিল্পাঞ্চলের ভাষাচর্চা

ক. মানচিত্রে ভাষাভেদ ও বৈচিত্র্য চিহ্নিতকরণ, বহুভাষিকতা,

খ. কয়লাঞ্চলের সমাজভাষা,

গ. কয়লাঞ্চলের কথ্যভাষা (ধ্বনি-শব্দ-বাক্য-শব্দার্থরূপ)

ঘ. ভাষাতাত্ত্বিক গবেষণাপত্র পাঠ, সম্ভাবনা।

ঙ. ক্ষেত্রসমীক্ষা

## আবশ্যিক পত্র (Core Course)

## গবেষণা পদ্ধতি ও কৃত্রিম বুদ্ধিমত্তা
## MABNGRMAI901

**লার্নিং আউটকাম:**

- গবেষণা প্রস্তাব (Research Proposal) তৈরি, তথ্যসূত্র (Citation) ও গ্রন্থপঞ্জি (Bibliography) নির্মাণের বৈজ্ঞানিক পদ্ধতি শিখবে।
- সাহিত্য গবেষণায় এবং ডেটা বিশ্লেষণে কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) বা AI-এর নৈতিক ও কার্যকরী প্রয়োগের কৌশল আয়ত্ত করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- একাডেমিক ও টেকনিক্যাল রাইটার: বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট বা গ্লোবাল এডুকেশন প্ল্যাটফর্মে কন্টেন্ট ডেভেলপার।
- AI প্রম্পট ইঞ্জিনিয়ার ও ল্যাঙ্গুয়েজ প্রসেসর: বাংলা ভাষার AI মডেল উন্নয়নে (LLM Training) ভাষাতাত্ত্বিক বিশেষজ্ঞ হিসেবে টেক সংস্থায় নিয়োগ।

ক. সাহিত্য গবেষণায় ভারতীয় কাব্যতত্ত্বের প্রয়োগ

আচার্য ভরত-নাট্যশাস্ত্র (রসবিকল্প ও ভাবব্যঞ্জক অধ্যায়)

আচার্য আনন্দবর্ধন-ধ্বন্যালোক (প্রথম উদ্যোত)

খ. রবীন্দ্রনাথ ঠাকুর- সাহিত্য, সাহিত্যের পথে (নির্বাচিত প্রবন্ধ)

অবনীন্দ্রনাথ ঠাকুর- বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী (নির্বাচিত প্রবন্ধ)

জীবনানন্দ দাশ- কবিতার কথা (নির্বাচিত অংশ)

গ. সাহিত্য গবেষণায় পাশ্চাত্য কাব্যতত্ত্বের প্রয়োগ (যে কোনো দু'টি রচনা)

- অ্যারিস্টটল- কাব্যতত্ত্ব (নির্বাচিত অংশ)
- উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ ও স্যামুয়েল কোলরিজ- প্রিফেস টু দ্য লিরিক্যাল ব্যালাডস
- মার্কসীয় সাহিত্যতত্ত্ব- মার্ক্স-এঙ্গেলস-লেনিন, শিল্প ও সাহিত্য প্রসঙ্গে (নির্বাচিত রচনা পাঠ)
- রোলাঁ বার্ত- ডেথ অফ অ্যান অথর
- মিশেল ফুকো- হোয়াট ইস অ্যান অথর
- মিখাইল বাখতিন- দ্য ডায়ালজিক ইমাজিনেশন (নির্বাচিত একটি প্রবন্ধ)

ঘ. গবেষণার ধারণা, প্রকারভেদ, ক্ষেত্রসমীক্ষা ও গবেষণার প্রকরণ (গবেষণা প্রস্তাব থেকে চূড়ান্ত গবেষণা অভিসন্দর্ভ নির্মাণের পদ্ধতি, তথ্যসূত্র ও গ্রন্থপঞ্জি নির্মাণ)

ঙ. কৃত্রিম বুদ্ধিমত্তার ইতিহাস ও সাহিত্য গবেষণায় প্রয়োগ।

# চতুর্থ সেমেস্টার

## আবশ্যিক পত্র (Core Course)

**লার্নিং আউটকাম:**

- যেকোনো নির্দিষ্ট বিষয়ের ওপর পূর্ববর্তী কাজের সীমাবদ্ধতা বা 'গবেষণা অন্তরাল' (Research Gap) খুঁজে বের করার দক্ষতা তৈরি হবে।
- স্বাধীনভাবে মৌলিক গবেষণা অভিসন্দর্ভ (Dissertation/Thesis) রচনার মাধ্যমে উচ্চশিক্ষার জন্য যোগ্যতা অর্জন করবে।

**কর্মসংস্থানের সম্ভাবনা:**

- উচ্চশিক্ষা ও গবেষণা (M.Phil / Ph.D): কলেজ বা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক (Assistant Professor) পদের জন্য আদর্শ প্রস্তুতি।
- স্বাধীন নীতি গবেষক (Policy Analyst): বিভিন্ন থিংক-ট্যাংক বা সাংস্কৃতিক পলিসি মেকিং কমিটিতে বিশ্লেষক হিসেবে কাজের সুযোগ।

### MABNGRD1001
### পূর্ববর্তী গবেষণা পর্যালোচনা (Literature Review)

### MABNGRD1002
### গবেষণা অভিসন্দর্ভ রচনা

**(বাংলা সাহিত্য সংক্রান্ত যেকোনো বিষয়ে গবেষণা অভিসন্দর্ভ রচনা করা যাবে।)**